

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ৬০

আরবি মূল আয়াতঃ

فَتَوَلَّىٰ فِرْعَوْنُ فَجَمَعَ كَيْدَهُ ثُمَّ أَتَىٰ ﴿٦٠﴾

অনুবাদসমূহঃ

অতঃপর ফির'আউন উঠে গেল। তারপর সে তার কৌশল একত্র করল, তারপর সে আসল। — আল-বায়ান

তখন ফেরাউন উঠে গেল, অতঃপর তার কলা-কৌশল একত্র করল, তারপর ফিরে এল। — তাইসিরুল

অতঃপর ফির'আউন উঠে গেল এবং তার কৌশলসমূহ একত্রিত করল ও অতঃপর ফিরে এলো। — মুজিবুর রহমান

So Pharaoh went away, put together his plan, and then came [to Moses]. — Sahih International

৬০. অতঃপর ফিরআউন প্রস্থান করে তার যাবতীয় কৌশলসমূহ একত্র করল(১), তারপর সে আসল।

(১) ফিরআউন ও তার সভাসদদের দৃষ্টিতে এই প্রতিযোগিতার গুরুত্ব ছিল অনেক বেশী। সারা দেশে লোক পাঠানো হয়। যেখানে যে অভিজ্ঞ-পারদর্শী জাদুকর পাওয়া যায় তাকেই সংগে করে নিয়ে আসার হুকুম দেয়া হয়। এভাবে জনগণকে হাযির করার জন্যও বিশেষভাবে প্রেরণা দান করা হয়। এভাবে বেশী বেশী লোক একত্র হয়ে যাবে, তারা স্বচক্ষে জাদুর তেলে সমাতি দেখে মূসার লাঠির ভয় ও প্রভাব থেকে নিজেদেরকে সংরক্ষিত রাখতে পারবে।

তফসীরে জাকারিয়া

(৬০) অতঃপর ফিরআউন প্রস্থান করল এবং পরে তার কৌশলসমূহ একত্রিত করল ও তারপর আসল।

[1]

[1] অর্থাৎ, বিভিন্ন শহর হতে সুদক্ষ জাদুকরদেরকে একত্রিত করে সমাবেশে উপস্থিত হল।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2408>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন